

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৪৫

আগরতলা, ২৬ জুন, ২০২৪

২৯ জুলাই-৩ আগস্ট সুপ্রীম কোর্টের বিশেষ লোক আদালত সপ্তাহ

রাজ্যে পি-লোক আদালত কনসিলিয়েশনের প্রক্রিয়া শুরু

আগামী ২৯ জুলাই থেকে ৩ আগস্ট, ২০২৪ পর্যন্ত সুপ্রিম কোর্ট বিশেষ লোক আদালত সপ্তাহের আয়োজন করেছে। সুপ্রিম কোর্টে ত্রিপুরার ৩৪টি মামলা এই আদালতে শুনানির জন্য গ্রহণ করা হয়েছে। মামলাগুলির চূড়ান্ত শুনানির আগে সুপ্রিম কোর্টের নির্দেশে ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে গতকাল থেকে রাজ্যে পি-লোক আদালত কনসিলিয়েশনের প্রক্রিয়া শুরু হয়েছে। গতকাল থেকে আগামী ১০ জুলাই পর্যন্ত দক্ষিণ জেলা আইনসেবা কর্তৃপক্ষ, পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষ এবং হাইকোর্ট আইনসেবা কমিটির অফিসে পি-লোক আদালত কনসিলিয়েশন প্রক্রিয়া চলবে। ইতিমধ্যেই মামলার সব পক্ষকে নোটিস দেওয়া হয়েছে। প্রয়োজনে ভিডিও কনফারেন্সের মাধ্যমেও পি-লোক আদালত কনসিলিয়েশনের শুনানিতে অংশ গ্রহণের সুবিধা রয়েছে। নোটিশপ্রাপ্ত ব্যক্তিদের সংশ্লিষ্ট অফিসে উপস্থিত হয়ে লোক আদালতের সুবিধা গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছেন ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী।

\*\*\*\*\*